# Times Today BD

খুলনা | 07 May, 2025

দেশের নানা প্রান্তে ছদ্মবেশে ঘুরে বেড়ালেও শেষরক্ষা হলো না। মাদক, চোরাচালান, বিস্ফোরক, খুন ও অস্ত্র মামলাসহ ৩৩টি মামলার পলাতক আসামি কাজী তারেককে অবশেষে গ্রেপ্তার করেছে যশোর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটক কাজী তারেক যশোর শহরের শংকরপুর পশু হাসপাতালের পেছনের মৃত পিয়ারু কাজীর ছেলে। গোয়েন্দা পুলিশের দেওয়া তথ্যমতে, তার বিরুদ্ধে রয়েছে ১৯টি মাদক মামলা, ৬টি চোরাচালান, ২টি বিস্ফোরক, ১টি খুন, ১টি অস্ত্র এবং ৪টি অন্যান্য মামলাসহ মোট ৩৩টি ফৌজদারি মামলা। এ ছাড়া তার নামে রয়েছে ১৫টি আদালতের গ্রেপ্তারি পরোয়ানা।

যশোরের অতিরিক্ত পুলিশ সুপার (ডিবি) নূর-ই-আলম সিদ্দিকী জানান, কাজী তারেক দীর্ঘদিন ধরে ছদ্মবেশে দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিলেন। সম্প্রতি গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

প্রসঙ্গত, চলতি বছরের জানুয়ারিতে যশোরে নিজের ভাইপো রাকিবকে গুলি করে হত্যাচেষ্টার ঘটনায় দায়ের হওয়া মামলারও প্রধান অভিযুক্ত তিনি। সেই মামলা কোতোয়ালি থানায় রুজু করা হয় ।গ্রেপ্তারের পর কাজী তারেককে আদালতে সোপর্দ করা হয়েছে

মামলা আসামি গ্রেপ্তার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:17

URL: https://www.timestodaybd.com/khulna/7758072111